সংযুক্তি (খ)

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৪র্থ সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৪র্থ সভা ০২-০৭-২০০৫ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর সভা কক্ষে অনুষ্ঠিত হয়। পানি সম্পদ মন্ত্রণালয়ের মন্ত্রী ও পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের চেয়ারম্যান হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক' তে দেখান হল।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি জানান যে, ওয়ারপো পানি সম্পদ মন্ত্রণালয়ের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানটি দেশের পানি সেক্টরের Macro Planning এর সাথে জড়িত। ইতোমধ্যে সংস্থাটি বেশ কতগুলো জাতীয় গুরুত্বপূর্ণ কার্যসম্পাদন করেছে। তিনি বিশেষ করে জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা (NWMP) ও কোষ্টাল জোন পলিসি এর সরকারী অনুমোদনের বিষয়টি উল্লেখ করেন। তিনি উল্লেখ করেন যে বিভিন্ন কারণে পরিচালনা বোর্ডের সভা দীর্ঘদিন অনুষ্ঠিত হয়নি। কিন্তু এখন থেকে নিয়মিত পরিচালনা বোর্ডের সভা অনুষ্ঠানের বিষয়ে ওয়ারপোকে সচেষ্ট থাকতে হবে।

জনাব মোঃ আবদুল আজিজ, এনডিসি, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় এর এক প্রশ্নের জবাবে মহাপরিচালক, ওয়ারপো জানান যে, বোর্ডের দ্বিতীয় সভায় সর্বোচ্চ ৬ মাস অন্তর একটি সভা আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব এ,এইচ,এম আবুল কাশেম বৎসরে ৪টি সভা অনুষ্ঠানের পক্ষে মত প্রকাশ করেন। এ পর্যায়ে চেয়ারম্যান মহোদয় সর্বোচ্চ ৪ মাস অন্তর নিয়মিত সভা অনুষ্ঠানের জন্য মত প্রকাশ করেন।

সভাপতি সদস্য-সচিবকে আলোচ্য সূচী অনুযায়ী কার্যপত্র উপস্থাপনের জন্য আহবান জানান। সদস্য-সচিব আলোচ্য সূচী অনুযায়ী সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

১। আলোচ্য বিষয় নং- ১ ঃ পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৩য় সভার কার্যবিবরণী অনুমোদন

১.১ তৃতীয় বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য বোর্ডের সদস্য-সচিব প্রস্তাব করলে সর্বসম্মতিক্রমে উক্ত কার্যবিবরণী অনুমোদিত হয়।

১.২ সিদ্ধান্ত ঃ

৩য় বোর্ড সভার কার্যবিবরণী অনুমোদিত।

২। আলোচ্য বিষয় নং-২ ঃ পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) এর উপর উপস্থাপনা

২.১ সদস্য-সচিব পানি সম্পদ পরিকল্পনা সংস্থার কার্যক্রমের উপর ভিত্তি করে একটি PowerPoint Presentation উপস্থাপন করেন। উক্ত উপস্থাপনায় ওয়ারপো গঠনের পটভূমি,

কার্যপরিধি, ব্যবস্থাপনা, অর্গানোগ্রাম ও জনবল এর একটি চিত্র উপস্থাপন করা হয়। এছাড়াও উক্ত Presentation এ ওয়ারপো সৃষ্টির পর থেকে বর্তমান সময় পর্যন্ত ওয়ারপো (MPO ও FPCO সহ) কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কাজসমূহের তালিকা ও ওয়ারপো'র ভবিষ্যৎ কার্যক্রম, সংস্থাপন বাজেট বিবরণী এবং বিভিন্ন সময় ওয়ারপো দপ্তর ভবন স্থানান্তরের তালিকাও উপস্থাপন করা হয়। অতঃপর তিনি সভাকে অবহিত করেন যে জাতীয় পানি নীতি, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা ও উপকূলীয় অঞ্চল নীতি অনুযায়ী ওয়ারপো'র উপর বর্ধিত দায়িত্ব অর্পিত হয়েছে। নেদারল্যান্ড ও বাংলাদেশ এর মধ্যে বিদ্যমান টুইনিং সহায়তায় খসড়া Organizational Development Plan (ODP) প্রণয়ন করা হয়েছে, যা বর্তমানে পানি সম্পদ মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। বর্ণিত দায়িত্ব পালনকল্পে ওয়ারপো'র জনবল বৃদ্ধি তথা ওয়ারপো'র অর্গানোগ্রাম পরিবর্তন আবশ্যক হবে।

বর্ধিত দায়িত্ব হিসেবে তিনি বিশেষ করে জাতীয় পানি নীতি ও এনডব্লিউএমপিতে "ক্লিয়ারিং হাউজ রোল" ও কোষ্টাল জোন পলিসিতে বর্ণিত সমীক্ষা, সমন্বয় ও মনিটরিং কার্যাদি সম্পাদনের লক্ষ্যে ওয়ারপোতে Program Coordination Unit স্থাপনের বিষয় উল্লেখ করেন।

ওয়ারপো'র নিজস্ব কোন ভবন না থাকায় ভাড়া বাড়ীতে অফিস করতে হয়। ঘন ঘন বাড়ী বদলের কারণে সৃষ্ট অসুবিধার কথা উল্লেখ করে ওয়ারপো'র জন্য নিজস্ব একটি ভবনের আবশ্যকতার বিষয়ে উল্লেখ করেন। তিনি এ পর্যায়ে সভাকে অবহিত করেন যে পানি উন্নয়ন বোর্ডের গ্রীণরোডস্থ জায়গায় যে পানি ভবন নির্মিত হতে যাচ্ছে সেখানে ওয়ারপোকে অফিস বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তিনি পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সম্মানিত সচিব ও পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক-কে ধন্যবাদ জানান।

এ পর্যায়ে সভাপতি আলোচনায় অংশগ্রহণের আহবান জানালে জনাব কাজী আবুল কাশেম, সচিব, কৃষি মন্ত্রণালয়, জনাব আখ্‌তার হোসেন খান, সচিব, পরিকল্পনা বিভাগ, জনাব এ,এইচ,এম, আবুল কাশেম, সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জনাব আলী ইমাম মজুমদার, সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন আলোচনায় অংশগ্রহণ করেন।

'Clearing House Role' সম্পর্কে সচিব, পরিকল্পনা বিভাগের এক প্রশ্নের জবাবে মহাপরিচালক, ওয়ারপো জানান যে মূলতঃ ওয়ারপো এর 'Clearing House Role' টি পরিকল্পনা কমিশনের কাজের সহায়ক ভূমিকা হিসাবে পালিত হবে। পানি সম্পদ খাতের যে কোন প্রকল্প প্রস্তাব পানি সম্পদের সামগ্রিক ব্যবস্থাপনার দৃষ্টিকোণ থেকে বিবেচনা করা হবে। ওয়ারপো'র ছাড়পত্র প্রাপ্তির পর তা পরিকল্পনা কমিশনে বিবেচনার জন্য প্রেরণ করা হবে। Clearing কাজের জন্য প্রণীত প্রস্তাবিত খসড়া কার্যপরিধির উল্লেখযোগ্য বিষয়গুলো নিম্নরূপঃ-

(ক) প্রকল্পটি বাংলাদেশ পানি ও বন্যা ব্যবস্থাপনা কৌশল, পানি নীতি এবং অন্যান্য পানি সংশ্লিষ্ট নীতি ও কৌশলসমূহের আন্তঃসংযোগ ইস্যুগুলোর সংগে সংগতিপূর্ণ কিনা।

(খ) প্রকল্পটি 'জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনার' সংগে সংগতিপূর্ণ কিনা এবং বিশেষভাবে ৮টি গুচ্ছ কার্যক্রমের কোনটির সংগে সংগতিপূর্ণ, সে বিষয়ে বিশদ বিশ্লেষণ থাকতে হবে।

(গ) প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় পানি সম্পদ পরিকল্পনার অধীনে আঞ্চলিক পরিকল্পনার (Regional Plan) সংগে সংগতিপূর্ণ কিনা।

কার্যপরিধি, ব্যবস্থাপনা, অর্গানোগ্রাম ও জনবল এর একটি চিত্র উপস্থাপন করা হয়। এছাড়াও উক্ত Presentation এ ওয়ারপো সৃষ্টির পর থেকে বর্তমান সময় পর্যন্ত ওয়ারপো (MPO ও FPCO সহ) কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কাজসমূহের তালিকা ও ওয়ারপো'র ভবিষ্যৎ কার্যক্রম, সংস্থাপন বাজেট বিবরণী এবং বিভিন্ন সময় ওয়ারপো দপ্তর ভবন স্থানান্তরের তালিকাও উপস্থাপন করা হয়। অতঃপর তিনি সভাকে অবহিত করেন যে জাতীয় পানি নীতি, জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনা ও উপকূলীয় অঞ্চল নীতি অনুযায়ী ওয়ারপো'র উপর বর্ধিত দায়িত্ব অর্পিত হয়েছে। নেদারল্যান্ড ও বাংলাদেশ এর মধ্যে বিদ্যমান টুইনিং সহায়তায় খসড়া Organizational Development Plan (ODP) প্রণয়ন করা হয়েছে, যা বর্তমানে পানি সম্পদ মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। বর্ণিত দায়িত্ব পালনকল্পে ওয়ারপো'র জনবল বৃদ্ধি তথা ওয়ারপো'র অর্গানোগ্রাম পরিবর্তন আবশ্যক হবে।

বর্ধিত দায়িত্ব হিসেবে তিনি বিশেষ করে জাতীয় পানি নীতি ও এনডব্লিউএমপিতে "ক্লিয়ারিং হাউজ রোল" ও কোষ্টাল জোন পলিসিতে বর্ণিত সমীক্ষা, সমন্বয় ও মনিটরিং কার্যাদি সম্পাদনের লক্ষ্যে ওয়ারপোতে Program Coordination Unit স্থাপনের বিষয় উল্লেখ করেন।

ওয়ারপো'র নিজস্ব কোন ভবন না থাকায় ভাড়া বাড়ীতে অফিস করতে হয়। ঘন ঘন বাড়ী বদলের কারণে সৃষ্ট অসুবিধার কথা উল্লেখ করে ওয়ারপো'র জন্য নিজস্ব একটি ভবনের আবশ্যকতার বিষয়ে উল্লেখ করেন। তিনি এ পর্যায়ে সভাকে অবহিত করেন যে পানি উন্নয়ন বোর্ডের গ্রীণরোডস্থ জায়গায় যে পানি ভবন নির্মিত হতে যাচ্ছে সেখানে ওয়ারপোকে অফিস বরাদ্দ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তিনি পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সম্মানিত সচিব ও পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক-কে ধন্যবাদ জানান।

এ পর্যায়ে সভাপতি আলোচনায় অংশগ্রহণের আহবান জানালে জনাব কাজী আবুল কাশেম, সচিব, কৃষি মন্ত্রণালয়, জনাব আখ্‌তার হোসেন খান, সচিব, পরিকল্পনা বিভাগ, জনাব এ,এইচ,এম, আবুল কাশেম, সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, জনাব আলী ইমাম মজুমদার, সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন আলোচনায় অংশগ্রহণ করেন।

'Clearing House Role' সম্পর্কে সচিব, পরিকল্পনা বিভাগের এক প্রশ্নের জবাবে মহাপরিচালক, ওয়ারপো জানান যে মূলতঃ ওয়ারপো এর 'Clearing House Role' টি পরিকল্পনা কমিশনের কাজের সহায়ক ভূমিকা হিসাবে পালিত হবে। পানি সম্পদ খাতের যে কোন প্রকল্প প্রস্তাব পানি সম্পদের সামগ্রিক ব্যবস্থাপনার দৃষ্টিকোণ থেকে বিবেচনা করা হবে। ওয়ারপো'র ছাড়পত্র প্রাপ্তির পর তা পরিকল্পনা কমিশনে বিবেচনার জন্য প্রেরণ করা হবে। Clearing কাজের জন্য প্রণীত প্রস্তাবিত খসড়া কার্যপরিধির উল্লেখযোগ্য বিষয়গুলো নিম্নরূপঃ-

(ক) প্রকল্পটি বাংলাদেশ পানি ও বন্যা ব্যবস্থাপনা কৌশল, পানি নীতি এবং অন্যান্য পানি সংশ্লিষ্ট নীতি ও কৌশলসমূহের আন্তঃসংযোগ ইস্যুগুলোর সংগে সংগতিপূর্ণ কিনা।

(খ) প্রকল্পটি 'জাতীয় পানি ব্যবস্থাপনা পরিকল্পনার' সংগে সংগতিপূর্ণ কিনা এবং বিশেষভাবে ৮টি গুচ্ছ কার্যক্রমের কোনটির সংগে সংগতিপূর্ণ, সে বিষয়ে বিশদ বিশ্লেষণ থাকতে হবে।

(গ) প্রযোজ্য ক্ষেত্রে জাতীয় পানি সম্পদ পরিকল্পনার অধীনে আঞ্চলিক পরিকল্পনার (Regional Plan) সংগে সংগতিপূর্ণ কিনা।

৩। আলোচ্য বিষয় নং-৩ ঃ পরিচালনা বোর্ডের তৃতীয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রতিবেদন

৩.১ পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের সদস্য-সচিব ও মহাপরিচালক, ওয়ারপো সভায় সম্মানিত সদস্যগণের অবগতির জন্য তৃতীয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন প্রতিবেদন পেশ করেন। পরিচালনা বোর্ডের সভায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক-কে সদস্য হিসাবে অন্তর্ভূক্তির বিষয়টি পুনরায় আলোচিত হয়।

৩.২ কৃষি মন্ত্রণালয়ের কৃষি বিষয়ে ষ্টান্ডিং/ষ্টিয়ারিং কমিটিতে মহাপরিচালক, ওয়ারপো-কে অন্তর্ভূক্তির বিষয়ে আলোচনাকালে সচিব, কৃষি মন্ত্রণালয় সভাকে অবহিত করেন যে বর্তমানে কৃষি বিষয়ে কোন ষ্টান্ডিং কমিটি নেই তবে জাতীয় কৃষি কমিটি ও জাতীয় কৃষি কমিটির নির্বাহী কমিটি নামে দুটি কমিটি আছে। জাতীয় কৃষি কমিটির নির্বাহী কমিটিতে ওয়ারপো'র মহাপরিচালক-কে সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করা যেতে পারে বলে তিনি অভিমত প্রকাশ করেন।

৩.৩ সিদ্ধান্তঃ

(১) ওয়ারপো, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডে পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক-কে অন্তর্ভূক্তির বিষয়ে পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২ (আইন নং ১২) এর ৬ নং ধারায় সদস্য কো-অপ্ট করার বিধানসহ সংশোধনী প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(২) জাতীয় কৃষি কমিটির নির্বাহী কমিটিতে ওয়ারপো'র মহাপরিচালক-কে অন্তর্ভূক্তির জন্য পানি সম্পদ মন্ত্রণালয় কৃষি মন্ত্রণালয়কে অনুরোধ পত্র প্রেরণ করবে।

৪। আলোচ্য বিষয় নং-৪ ঃ ওয়ারপো'র কারিগরী কমিটি গঠন

৪.১ সদস্য-সচিব জানান যে, পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের দ্বিতীয় সভার সিদ্ধান্ত মোতাবেক ৮ সদস্য বিশিষ্ট একটি কারিগরী কমিটি গঠন করা হয়। পরিচালনা বোর্ডের তৃতীয় সভায় আরও তিনজনকে সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু উক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হলে পানি সম্পদ পরিকল্পনা আইনের ১১নং ধারার সংশোধন প্রয়োজন হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যগণ বিস্তারিত আলোচনা করেন।

৪.২ সিদ্ধান্ত ঃ

(১) ওয়ারপো, পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২ (আইন নং ১২) এর ১১ নং ধারায় সদস্য কো-অপ্ট করার বিধানসহ সংশোধনী প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

(২) আইন সংশোধন না হওয়া পর্যন্ত পূর্বে গঠিত ৮ সদস্য বিশিষ্ট কমিটির স্থলে প্রচলিত আইনের বিধান মোতাবেক নিম্নবর্ণিত পাঁচ সদস্য বিশিষ্ট কারিগরী কমিটি গঠন করা হলঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | |
|---|---|---|
| ১। | সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন ও ভাইস চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড | চেয়ারম্যান |
| ২। | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড | সদস্য |
| ৩। | নির্বাহী সহ-সভাপতি, কৃষি গবেষণা কাউন্সিল | সদস্য |
| ৪। | প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| ৫। | মহাপরিচালক, ওয়ারপো | সচিব |

৫। আলোচ্য বিষয় নং-৫ ঃ বিবিধ

৫.১ পানি সম্পদ পরিকল্পনা আইন ১৯৯২ অনুযায়ী শীর্ষ পর্যায়ের কর্মকর্তা সমন্বয়ে ওয়ারপো পরিচালনা বোর্ড গঠিত হয়েছে। বোর্ডের প্রতি সভায় উপস্থিতির জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সম্মানি প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় জানান হয় যে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর পরিচালনা পরিষদের প্রতি সভায় উপস্থিতির জন্য সম্মানি ভাতা ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

৫.২ সিদ্ধান্তঃ

ওয়ারপো'র পরিচালনা বোর্ডের প্রতি সভায় কিংবা বোর্ডের অনুমোদিত কমিটির সভায় উপস্থিতির জন্য প্রতি সদস্যকে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা সম্মানি প্রদান করা হবে। এ সিদ্ধান্ত বোর্ডের ৪র্থ সভা হতে কার্যকর হবে।

৫.৩ ওয়ারপো'র তহবিলঃ

সচিব, পরিকল্পনা মন্ত্রণালয় উল্লেখ করেন যে, ওয়ারপো'র আর্থিক ব্যবস্থাপনার জন্য একটি বিধিমালা থাকা ও উহার সঠিক ব্যবস্থাপনার দরকার।

৫.৪ সিদ্ধান্তঃ

পানি সম্পদ আইন ১৯৯২ (আইন নং ১২) এর ধারা ১২ অনুযায়ী ওয়ারপো প্রয়োজনীয় বিধিমালা প্রণয়নের ব্যবস্থা গ্রহণ করবে।

৫.৫ পরিচালনা বোর্ডের সভা

৫.৬ সিদ্ধান্তঃ

পরিচালনা বোর্ডের সভা সর্বোচ্চ ৪ মাস অন্তর নিয়মিতভাবে অনুষ্ঠিত হবে।

| | |
|---|---|
| (হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক)<br>মহাপরিচালক<br>পানি সম্পদ পরিকল্পনা সংস্থা<br>ও<br>সদস্য-সচিব<br>পরিচালনা বোর্ড<br>পানি সম্পদ পরিকল্পনা সংস্থা | ২০/৭/০২<br>(হাফিজ উদ্দিন আহমদ, বীর বিক্রম)<br>মন্ত্রী<br>পানি সম্পদ মন্ত্রণালয়<br>ও<br>চেয়ারম্যান<br>পরিচালনা বোর্ড<br>পানি সম্পদ পরিকল্পনা সংস্থা |

৩৪

স্মারক নং-ওয়ারপো/ অপ্রিউ-২২/২০০১/৩৪৬ তারিখ- ০৪/০৮/২০০৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল।

১. মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড
২. সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ভাইস-চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড
৩. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৪. সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৫. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৬. সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৭. সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৮. সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
৯. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড
১০. মহাপরিচালক, ওয়ারপো ও সদস্য-সচিব, ওয়ারপো পরিচালনা বোর্ড

৪/৮/০৫

(মোঃ শাহজাহান)
সচিব
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)
বনানী, ঢাকা।

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের চতুর্থ সভায় উপস্থিত সম্মানীত সদস্যগণের নামের তালিকা

সভার তারিখ : ০২-০৭-২০০৫ইং সময় : ১১:০০ ঘটিকা

স্থান : পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) সম্মেলন কক্ষ
বাড়ী নং-১০৩, সড়ক নং-১, বনানী, ঢাকা-১২১৩।

সভাপতি : জনাব হাফিজ উদ্দিন আহমদ, বী.বি.
মাননীয় মন্ত্রী
পানি সম্পদ মন্ত্রণালয়

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব হাফিজ উদ্দিন আহমদ, বী.বি, | মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় | |
| ২. | জনাব আলী ইমাম মজুমদার | সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন | [signature] |
| ৩. | জনাব মোঃ আবদুল আজিজ, এনডিসি | সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় | [signature] |
| ৪. | জনাব কাজী আবুল কাশেম | সচিব, কৃষি মন্ত্রণালয় | [signature] |
| ৫. | জনাব এ,এইচ,এম, আবুল কাশেম | সচিব, স্থানীয় সরকার বিভাগ<br>স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | [signature] ২/৭/০৫ |
| ৬. | জনাব মোঃ শফিকুল ইসলাম | সচিব, যোগাযোগ মন্ত্রণালয় | |
| ৭. | জনাব আখ্‌তার হোসেন খান | সচিব, পরিকল্পনা ~~মন্ত্রণালয়~~ বিভাগ | [signature] ০২/০৭/০৫ |
| ৮. | জনাব জাফর আহম্মেদ চৌধুরী | সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয় | |
| ৯. | জনাব রফিকুল ইসলাম | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | [illegible] |
| ১০. | জনাব হোসাইন শহীদ মোজাদ্দাদ ফারুক | মহাপরিচালক, ওয়ারপো | [signature] |